

মানবপ্রাচীর

লুৎফর রহমান রিটন

মানবপ্রাচীর গড়তে হবে
দীপ্ত প্রাণের স্পন্দনে
আজ ইতিহাস সৃষ্টি হবে
বিশাল মানববন্ধনে।

টেকনাফ টু তেঁতুলিয়া
আজ জনতার শির উর্ধ্ব,
কণ্ঠে সবার ক্ষোভ ও ঘৃণা
দুঃশাসনের বিরুদ্ধে।

বিশ্ববাসী মানবপ্রাচীর
দেখবে অবাক বিস্ময়ে,
হায় খালেদা হায় নিজামী
কী ভয়ানক দৃশ্য এ!

অনাস্থার এই মানবপ্রাচীর
টপকে যাবার রাস্তা নেই,
ব্যর্থ এ সরকারের প্রতি
জনগণের আস্থা নেই।

অটোয়া, কানাডা ।। ১১ ডিসেম্বর, ২০০৮
riton_bangladesh@yahoo.ca